গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ

এবং

সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশ ও ভারতের মধ্যে ৫৪ টি আন্তঃসীমান্ত নদীর পানি বণ্টন ও ব্যবস্থাপনার মাধ্যমে পানি সম্পদের সর্বোত্তম ব্যবহার করে জনগণের জীবনযাত্রার মানোন্নয়নে আঞ্চলিক ও আন্তর্জাতিক সহযোগিতার বিষয়ে সরকার যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে গত ৩(তিন) বছরে ভারত-বাংলাদেশ পানি সম্পদ সচিব পর্যায়ে ২ টি, কারিগরি পর্যায়ে ১টি, যৌথ কমিটির ৯টি বৈঠক পর্যায়ক্রমে অনুষ্ঠিত হয়েছে। দীর্ঘ ১২ বছর পর আগস্ট, ২০২২ মাসে ভারত-বাংলাদেশ যৌথ নদী কমিশনের ৩৮তম মন্ত্রী পর্যায়ের বৈঠক নয়াদিল্লীতে অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকের সফল আলোচনার প্রেক্ষিতে কুশিয়ারা নদীর অভিন্ন এলাকা হতে পানি উত্তোলনের বিষয়ে সেপ্টেম্বর, ২০২২ মাসে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। ৩০ মে, ২০২৩ তারিখে ঢাকায় অনুষ্ঠিত বাংলাদেশ-নেপাল যৌথ বিশেষজ্ঞ কমিটির (JEC) ৭ম বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকে বাংলাদেশে বন্যা পূর্বাভাস ও সতর্কতামূলক ব্যবস্থাপনার উন্নয়নে বন্যা পূর্বাভাসের সময় (Lead Time) বৃদ্ধির লক্ষ্যে হাইড্রো-মেটিওরোলজিক্যাল তথ্য-উপাত্ত বিনিময় সংক্রান্ত একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরিত হয়। এছাড়া বাংলাদেশ ও ভারতের মধ্যে ১৯৯৬ সালে স্বাক্ষরিত গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তি অনুযায়ী ১৯৯৭ সাল হতে প্রতি বছর শুকনো মৌসুমে (০১ জানুয়ারি হতে ৩১ মে পর্যন্ত) ফারাক্কায় গঙ্গা নদীর পানি বন্টন করা হচ্ছে। পারস্পরিক সমঝোতার আলোকে ভারত ও চীন হতে বন্যা সংক্রান্ত তথ্য-উপাত্ত প্রাপ্তির মাধ্যমে বাংলাদেশ ১২০ ঘন্টার বন্যা পূর্বাবাস প্রদান করতে সক্ষম হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

উজানের দেশসমূহে আন্তঃসীমান্ত নদীর উপর অবকাঠামো নির্মাণ, পানির ব্যবহার বৃদ্ধি ও জলবায়ু পরিবর্তনজনিত কারণে শুকনো মৌসুমে বাংলাদেশে পানি প্রবাহ হ্রাস পাচ্ছে। এর ফলে সেচ, মৎস্য, নৌ-চলাচল ও পরিবেশের ওপর বিরূপ প্রভাব পড়ছে। এ সকল সমস্যা উত্তরণে আন্তঃসীমান্ত নদীর অববাহিকাভিত্তিক দেশসমূহের সহযোগিতা প্রাপ্তি একটি অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সমতা, ন্যায়ানুগতা এবং পারস্পরিক ক্ষতি না করার নীতির ভিত্তিতে ২০২৬ সালে সমাপ্য গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তির মেয়াদ নবায়নের প্রচেষ্টা গ্রহণ করা হবে। এছাড়া তিস্তা, ফেনী, মনু, মুহরী, খোয়াই, গোমতি, ধরলা ও দুধকুমার নদীর পানি বণ্টন চুক্তি সম্পাদনের প্রচেষ্টা গ্রহণ করা হবে।

বাংলাদেশ ও ভারতের মধ্যে ২০১১ সালে স্বাক্ষরিত উন্নয়ন সংক্রান্ত সহযোগিতামূলক কাঠামো চুক্তি (Framework Agreement on Cooperation for Development) এর আলোকে উপ-আঞ্চলিক সহযোগিতার মাধ্যমে আন্তঃসীমান্ত নদীর পানি সম্পদ ব্যবস্থাপনাপূর্বক বহুমাত্রিক সুফল যথাঃ প্রবাহ বৃদ্ধিপূর্বক সেচ সম্প্রসারণ ও খাদ্য উৎপাদন বৃদ্ধি, জলবিদ্যুৎ উৎপাদন, নৌ-চলাচল সম্প্রসারণ, মৎস্য উৎপাদন বৃদ্ধি, জলবায়ু প্রভাব মোকাবেলা ইত্যাদি অর্জনের প্রচেষ্টা অব্যাহত রাখা হবে। এতদ্ব্যতীত, গঙ্গা ও ব্রহ্মপুত্র নদীর অববাহিকাভিত্তিক সমন্বিত উন্নয়নের লক্ষ্যে অববাহিকাভিত্তিক সংগঠন যথা- River Basin Organization/River Basin Commission গঠনের প্রচেষ্টা অব্যাহত রাখা হবে।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ভারত-বাংলাদেশ পানি সম্পদ মন্ত্রী, সচিব পর্যায়ের এবং যৌথ নদী কমিশনের দ্বি-পাক্ষিক/বহুপাক্ষিক ৩টি বৈঠক অনুষ্ঠান।
- ১৯৯৬ সালে স্বাক্ষরিত গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তি অনুযায়ী ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম সম্পাদন;
- আন্তঃসীমান্ত নদীর সমীক্ষার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে ১টি চুক্তি সম্পাদন।
- যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন ও আর্কাইভ প্রস্তুতকরণ।
- যৌথ নদী কমিশন, বাংলাদেশের প্রস্তাবিত নিয়োগবিধি আইন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ।

## **প্রস্তাবনা (Preamble)**

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ

এবং

সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর মধ্যে ২০২৩ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

টেকসই পানি নিরাপত্তার লক্ষ্যে আন্তঃসীমান্ত নদীর পানি সম্পদের ন্যায়সঙ্গত বণ্টন ও যৌথ ব্যবস্থাপনা।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

আন্তঃসীমান্ত নদী অববাহিকাভূক্ত দেশ এর সাথে পানি বণ্টন চুক্তি স্বাক্ষর এবং পানি সম্পদের যৌথ ব্যবস্থাপনা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের ক্ষেত্র

১. দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্কের মাধ্যমে আন্তঃসীমান্ত নদী অববাহিকা ব্যবস্থাপনা।

২. আন্তসীমান্ত নদীর পানি বন্টন।

৩. আন্তঃসীমান্ত নদী সংক্রান্ত সমীক্ষা কার্যক্রম গ্রহণ।

৪. অফিস ডিজিটাইজেশন।

৫. যৌথ নদী কমিশন, বাংলাদেশের নিয়োগবিধি প্রণয়ন।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. আন্তঃসীমান্ত নদীর পানি বণ্টন, যৌথ ব্যবস্থাপনা, বন্যা সংক্রান্ত তথ্য-উপাত্ত বিনিময়, ভারতীয় এলাকায় প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম এবং সীমান্তবর্তী এলাকার বাঁধ ও নদীতীর সংরক্ষণমূলক কাজসহ অন্যান্য সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার লক্ষ্যে ভারতের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

২. ১৯৯৬ সালের গঙ্গা নদীর পানি বণ্টন চুক্তির আওতায় প্রতিবছর ১লা জানুয়ারি থেকে ৩১ মে পর্যন্ত সময়কালে ভারতের ফারাক্কায় গঙ্গা নদীর প্রবাহ যৌথভাবে পর্যবেক্ষণ ও পানি বণ্টন এবং বাংলাদেশের হার্ডিঞ্জ সেতুর নিকট যৌথভাবে প্রবাহ পর্যবেক্ষণ সংশ্লিষ্ট সকল কার্যক্রম তত্ত্বাবধান।

৩. আন্তঃসীমান্ত নদী অববাহিকায় যৌথভাবে বন্যার ক্ষয়ক্ষতি প্রশমন, পানি সম্পদের আহরণ ও উন্নয়ন, নেপালে প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম এবং গবেষণা ও কারিগরী সংক্রান্ত বিষয়ে নেপালের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৪. পানি সম্পদ ক্ষেত্রে সহযোগিতা, আন্তঃসীমান্ত নদী অববাহিকায় চীন কর্তৃক প্রবাহ নিয়ন্ত্রণমূলক কার্যক্রম, ব্রহ্মপুত্র অববাহিকায় বন্যা পূর্বাভাসের তথ্য-উপাত্ত বিনিময় ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ে আলোচনার জন্য চীনের সাথে বৈঠক অনুষ্ঠান ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ।

৫. যৌথ নদী কমিশন, বাংলাদেশ আন্তর্জাতিক সেচ ও নিষ্কাশন কমিশন (ICID)-এর বাংলাদেশের সচিবালয় হিসেবে কাজ করে। এছাড়া এই কমিশন ইন্টার-ইসলামিক নেটওয়ার্ক ফর ওয়াটার রিসোর্সেস ডেভেলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (INWRDAM), ওআইসি (OIC) এবং UNECE এর পানি সম্পর্কিত বাংলাদেশের ফোকাল পয়েন্ট হিসেবে কাজ করে ।

# সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| পানি নিরাপত্তা অর্জন | পানি সম্পদ মন্ত্রী ও সচিব পর্যায়ের বৈঠক এবং যৌথ নদী কমিশনের দ্বি-পাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান। | সংখ্যা | ৩ | ৬ | ৩ | ৩ | ৩ | পররাষ্ট্র মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, সরকারি আদেশ। |
| | ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম। | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | পররাষ্ট্র মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, সরকারি আদেশ। |
| | গঙ্গা পানি বন্টন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রনয়ণ | সংখ্যা | ১ | ১ | ১ | ১ | ১ | পররাষ্ট্র মন্ত্রণালয় | বার্ষিক প্রতিবেদন, , সরকারি আদেশ। |
| | আন্তঃসীমান্ত নদীর সমীক্ষার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন | সংখ্যা | - | - | ১ | ১ | ১ | পানি সম্পদ মন্ত্রণালয়,অর্থ মন্ত্রণালয় ও পরামর্শক প্রতিষ্ঠান/ব্যক্তি | পরামর্শক প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত চুক্তিপত্র |
| স্মার্ট বাংলাদেশ | যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন। | দফা | - | - | ১ | ১ | ১ | পানি সম্পদ মন্ত্রণালয় | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, সরকারি আদেশ। |
| জনবল নিয়োগ | যৌথ নদী কমিশন, বাংলাদেশের প্রস্তাবিত নিয়োগবিধির আইন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ। | দফা | - | - | ১ | ১ | ১ | পানি সম্পদ মন্ত্রণালয় ও আইন মন্ত্রণালয় | সরকারি আদেশ। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] দ্বি-পাক্ষিক ও বহুপাক্ষিক সম্পর্কের মাধ্যমে আন্তঃসীমান্ত নদী অববাহিকা ব্যবস্থাপনা। | ৪০ | [১.১] পানি সম্পদ মন্ত্রী ও সচিব পর্যায়ের বৈঠক এবং যৌথ নদী কমিশনের দ্বি-পাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান। | [১.১.১] অনুষ্ঠিত বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৪০ | ৩ | ৬ | ৩ | ২ | ১ | | | ৩ | ৩ |
| [২] আন্তসীমান্ত নদীর পানি বন্টন। | ২০ | [২.১] গঙ্গা পানি বণ্টন চুক্তি ১৯৯৬ বাস্তবায়ন | [২.১.১] ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম। | সমষ্টি | সংখ্যা | ১০ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| | | | [২.১.২] গঙ্গা পানি বন্টন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | সমষ্টি | সংখ্যা | ১০ | ১ | ১ | ১ | | | | | ১ | ১ |
| [৩] আন্তঃসীমান্ত নদী সংক্রান্ত সমীক্ষা কার্যক্রম গ্রহণ। | ৫ | [৩.১] আন্তঃসীমান্ত নদীর তথ্য ভান্ডার প্রস্তুতের লক্ষ্যে সমীক্ষা গ্রহণ | [৩.১.১] আন্তঃসীমান্ত নদীর সমীক্ষার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন | সমষ্টি | সংখ্যা | ৫ | | | ১ | | | | | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] অফিস ডিজিটাইজেশন। | ৩ | [৪.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন। | [৪.১.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন ও আর্কাইভ প্রস্তুতকরণ। | তারিখ | তারিখ | ৩ | | | ১৫.০৬.২৪ | ২২.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | | | |
| [৫] যৌথ নদী কমিশন, বাংলাদেশের নিয়োগবিধি প্রণয়ন। | ২ | [৫.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের নিয়োগবিধি প্রণয়ন | [৫.১.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের প্রস্তাবিত নিয়োগবিধির আইন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ। | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০৬.২৪ | ২২.০৬.২৪ | ৩০.০৬.২৪ | | | | |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, পানি সম্পদ মন্ত্রণালয় হিসাবে সদস্য, যৌথ নদী কমিশন, বাংলাদেশ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৫/০৬/২৩

সদস্য
যৌথ নদী কমিশন, বাংলাদেশ

তারিখ

১৫.০৬.২০২৩

সচিব
পানি সম্পদ মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | JEC | Bangladesh-Nepal Joint Expert Committee |
| ২ | MoU | Memorandum of Understanding |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] পানি সম্পদ মন্ত্রী ও সচিব পর্যায়ের বৈঠক এবং যৌথ নদী কমিশনের দ্বি-পাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান। | [১.১.১] অনুষ্ঠিত বৈঠক | যৌথ নদী কমিশন, বাংলাদেশ | বৈঠকের ছবি/জিও |
| [২.১] গঙ্গা পানি বণ্টন চুক্তি ১৯৯৬ বাস্তবায়ন | [২.১.১] ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম। | যৌথ নদী কমিশন, বাংলাদেশ | দশ দিন ওয়ারী প্রেস রিলিজ/ মন্ত্রণালয়ে প্রেরিত প্রতিবেদন বার্ষিক প্রতিবেদন, সরকারি আদেশ। |
| | [২.১.২] গঙ্গা পানি বন্টন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | যৌথ নদী কমিশন, বাংলাদেশ | বার্ষিক প্রতিবেদন, সরকারি আদেশ। |
| [৩.১] আন্তঃসীমান্ত নদীর তথ্য ভান্ডার প্রস্তুতের লক্ষ্যে সমীক্ষা গ্রহণ | [৩.১.১] আন্তঃসীমান্ত নদীর সমীক্ষার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন | যৌথ নদী কমিশন, বাংলাদেশ | পরামর্শক প্রতিষ্ঠানের সাথে স্বাক্ষরিত চুক্তিপত্র |
| [৪.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন। | [৪.১.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন ও আর্কাইভ প্রস্তুতকরণ। | যৌথ নদী কমিশন, বাংলাদেশ | পানি সম্পদ মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন, সরকারি আদেশ। |
| [৫.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের নিয়োগবিধি প্রণয়ন | [৫.১.১] যৌথ নদী কমিশন, বাংলাদেশের প্রস্তাবিত নিয়োগবিধির আইন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ। | যৌথ নদী কমিশন, বাংলাদেশ | সরকারি আদেশ। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| যৌথ নদী কমিশন, বাংলাদেশের নিয়োগবিধি প্রণয়ন | যৌথ নদী কমিশন, বাংলাদেশের প্রস্তাবিত নিয়োগবিধির আইন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ। | পানি সম্পদ মন্ত্রণালয় | দাপ্তরিক পদক্ষেপ গ্রহণ |
| আন্তঃসীমান্ত নদীর তথ্য ভান্ডার প্রস্তুতের লক্ষ্যে সমীক্ষা গ্রহণ | আন্তঃসীমান্ত নদীর সমীক্ষার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন | পানি সম্পদ মন্ত্রণালয় | দাপ্তরিক পদক্ষেপ গ্রহণ |
| যৌথ নদী কমিশন, বাংলাদেশের নিয়োগবিধি প্রণয়ন | যৌথ নদী কমিশন, বাংলাদেশের প্রস্তাবিত নিয়োগবিধির আইন মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ। | লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ: আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | দাপ্তরিক পদক্ষেপ গ্রহণ |
| আন্তঃসীমান্ত নদীর তথ্য ভান্ডার প্রস্তুতের লক্ষ্যে সমীক্ষা গ্রহণ | আন্তঃসীমান্ত নদীর সমীক্ষার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন | অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | দাপ্তরিক পদক্ষেপ গ্রহণ |
| গঙ্গা পানি বণ্টন চুক্তি ১৯৯৬ বাস্তবায়ন | ১লা জানুয়ারি থেকে ৩১ শে মে পর্যন্ত ফারাক্কায় যৌথ প্রবাহ পরিমাপ ও বণ্টন কার্যক্রম। | পররাষ্ট্র মন্ত্রণালয় | কূটনৈতিক পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো যেতে পারে। |
| গঙ্গা পানি বণ্টন চুক্তি ১৯৯৬ বাস্তবায়ন | গঙ্গা পানি বন্টন চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রণয়ন। | পররাষ্ট্র মন্ত্রণালয় | কূটনৈতিক পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো যেতে পারে। |
| পানি সম্পদ মন্ত্রী ও সচিব পর্যায়ের বৈঠক এবং যৌথ নদী কমিশনের দ্বি-পাক্ষিক/বহুপাক্ষিক বৈঠক অনুষ্ঠান। | অনুষ্ঠিত বৈঠক | পররাষ্ট্র মন্ত্রণালয় | কূটনৈতিক পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো যেতে পারে। |
| যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন। | যৌথ নদী কমিশন, বাংলাদেশের গুরুত্বপূর্ণ নথিপত্রের ডিজিটাইজেশন ও আর্কাইভ প্রস্তুতকরণ। | পরামর্শক প্রতিষ্ঠান/ব্যক্তি | দাপ্তরিক পদক্ষেপ গ্রহণ |
| আন্তঃসীমান্ত নদীর তথ্য ভান্ডার প্রস্তুতের লক্ষ্যে সমীক্ষা গ্রহণ | আন্তঃসীমান্ত নদীর সমীক্ষার লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন | পরামর্শক প্রতিষ্ঠান/ব্যক্তি | দাপ্তরিক পদক্ষেপ গ্রহণ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ